# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

নং- ২৩/ফরিদ/ ৭৪৪৪ তারিখ : ২০/১১/০৭

প্রেরক : বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

প্রাপক : প্রধান শিক্ষক
কাজী সিরাজুল ইসলাম বালিকা উচ্চ বিদ্যালয়,
পোঃ- সমাধিনগর, উপজেলা- মধুখালী, জেলা- ফরিদপুর।

বিষয় : বিদ্যালয়ে নবম শ্রেণী খোলার প্রাথমিক অনুমতি প্রদান প্রসঙ্গে।

এতদ্বারা বিদ্যালয় কর্তৃপক্ষকে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, মৌলিক শর্তাবলী পূরন করায় প্রচলিত সাধারন শর্তে ০১/০১/২০১০ ইং হতে পরবর্তী ৩ (তিন) বছরের জন্য নিম্নবর্ণিত বিষয়সমূহ পড়ানোর অনুমোদনসহ মানবিক শাখায় নবম শ্রেণী খোলার প্রাথমিক অনুমতি প্রদান করা হলো।

১। আবশ্যিক বিষয় সমূহ : (ক) বাংলা, (খ) ইংরেজী, (গ) গণিত, (ঘ) ধর্ম শিক্ষা, (ঙ) সাধারন বিজ্ঞান,
২। নৈর্বাচনিক বিষয় সমূহ : পাঠ্যক্রম অনুযায়ী।
যে কোন ৩টি
৩। ঐচ্ছিক বিষয় : ঐ
যে কোন ১টি

**শর্তসমূহ :**

১। নবম শ্রেণী খোলার অনুমতিকে প্রথম পর্যায়ে ৩ (তিন) বছরের জন্য পাঠদানের অনুমতি বলে গণ্য করতে হবে। কোন অবস্থাতে একে স্বীকৃতি হিসাবে গণ্য করা যাবে না।
২। এ পত্র কার্যকর হওয়ার ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বিদ্যালয়ের জন্য বিধি মোতাবেক একটি এডহক কমিটি গঠনের প্রস্তাব বোর্ডে পাঠাতে হবে।
৩। বিদ্যালয়ের নবম/১০ সনের ছাত্র/ছাত্রীদের নাম রেজিষ্ট্রেশনের জন্য বোর্ডে যোগাযোগ করতে হবে।
৪। বিদ্যালয়ের কম্পিউটার কোড নম্বর প্রাপ্তির জন্য বিদ্যালয়ের নাম ও ঠিকানা ইংরেজী ক্যাপিটাল লেটারে লিখে সহকারী বিদ্যালয় পরিদর্শক (রেজিষ্ট্রেশন) বরাবরে দাখিল করতে হবে।
৫। এস.এস.সি. পরীক্ষা পাশের ফলাফল সন্তোষজনক পর্যায়ে উন্নীত হলে প্রথম স্বীকৃতি প্রাপ্তির জন্য বোর্ডের সচিবের অনুকূলে ফি বাবদ ৭,০০০/- (সাত হাজার) টাকার জমা দেয়ার পর ০১/০১/২০১৪ ইং তারিখ হতে প্রথম স্বীকৃতি প্রদানের বিষয় বিবেচনা করা হবে।
৬। ষ্টাফিং প্যাটার্ন অনুযায়ী বিদ্যালয়ে নিবন্ধনকৃত শিক্ষক/শিক্ষিকা নিয়োগ করতে হবে। বিদ্যালয়ের কর্মরত শিক্ষকদের পর্যায়ক্রমে প্রশিক্ষণে পাঠাতে হবে।
৭। বিদ্যালয়ের সংরক্ষিত তহবিলের টাকা বোর্ডের অনুমতি ব্যতীত উত্তোলন করা যাবে না।
৮। বিদ্যালয়ে ছাত্র/ছাত্রীর সংখ্যা বৃদ্ধি করাসহ শিক্ষার গুণগত মান বৃদ্ধি করতে হবে।
৯। বিদ্যালয়ের আঙ্গীনায় ছোট-বড় বৃক্ষ রোপন করে পরিচর্চার ব্যবস্থা করতে হবে।
১০। সরকারী নির্দেশনা অনুযায়ী এবং এনসিটিবি কর্তৃক নির্ধারিত পাঠ্যক্রম অনুসরণ করতে হবে।
১১। আগামী ১ (এক) বছরের মধ্যে বিদ্যালয়ের নামে আরো ২৩ শতাংশ জমি ক্রয় পূর্বক প্রামাণ্য দলিল অত্র দপ্তরে জমা দিতে হবে। অন্যথায়, নবম শ্রেণী খোলার অনুমতিপত্র বাতিল করা হবে।

২০.১২.০৭

(মোঃ শাহেদুল খবির চৌধুরী)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
ঢাকা।

মেমো নং- তারিখ :

২৭.১২.০৭

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরন করা হলো :

১। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
২। পরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
৩। পরিচালক, পরিদর্শন ও হিসাব নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা মন্ত্রনালয়, টেক্সট বুক বোর্ড ভবন, মতিঝিল, ঢাকা-১২০৬।
৪। জেলা প্রশাসক, ফরিদপুর
৫। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
৬। উপজেলা নির্বাহী অফিসার, মধুখালী, ফরিদপুর।
৭। জেলা শিক্ষা অফিসার, ফরিদপুর।
৮। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৯। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, ঢাকা শিক্ষা বোর্ড, কম্পিউটার সেন্টার, ১২/এ, ধানমন্ডি আ/এ, ঢাকা- ১২০৯।
১০। রেজিষ্ট্রেশন শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
১১। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা